# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩, বাংলাদেশ

## মেডিকেল সেন্টার পরিচালনা সংক্রান্ত নীতিমালা

গত ২৮/৩/১৫ইং তারিখে অনুষ্ঠিত খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৪৭তম সভায় মেডিকেল সেন্টার সুষ্ঠু, সুন্দর ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নলিখিত 'মেডিকেল সেন্টার পরিচালনা সংক্রান্ত নীতিমালা' অনুমোদিত হয়, যা পরবর্তীতে গত ২৭/৬/১৫ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫০তম সভায় নিশ্চিত করা হয়।

১। **চিকিৎসা সংক্রান্ত কার্যক্রমঃ**

ক) অত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী (আউটসোর্সিং ও দৈনিক মুজুরীর ভিত্তিতে কর্মরতসহ) নিজে এবং তাঁদের পরিবারবর্গের মধ্যে স্বামী/স্ত্রী, নির্ভরশীল সন্তান, পিতামাতা ও অবিবাহিতা বোন এবং ভাই (১৮ বছরের নিচে), অবসর প্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ নিজে ও তাঁর স্বামী/স্ত্রী মেডিকেল সেন্টার থেকে প্রাথমিক চিকিৎসা সুবিধা ভোগ করতে পারবেন। এই সুবিধা গ্রহণের জন্য কর্মরত সকলের বিশ্ববিদ্যালয় থেকে একটি চিকিৎসা বহি সংগ্রহ করতে হবে। যার মধ্যে সেবা গ্রহণকারীর সকল চিকিৎসার ব্যবস্থাপত্র (Prescription) লিপিবদ্ধ থাকবে। ভবিষ্যতে মেডিকেল সেন্টার Full automation হলে চিকিৎসাবহি পদ্ধতি বাতিল করা যেতে পারে।

খ) প্রত্যেক রোগীকে সাধারণতঃ মেডিকেল সেন্টারে উপস্থিত হয়ে চিকিৎসা সেবা গ্রহণ করতে হবে। তবে, বিশেষ জরুরী রোগীর ক্ষেত্রে শুধুমাত্র কুয়েট ক্যাম্পাসের মধ্যে চিকিৎসকগণ রোগীর নিকটে গিয়ে চিকিৎসা সেবা প্রদান করবেন।

গ) বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ শুধুমাত্র ব্যবস্থাপত্র (Prescription) নিতে পারবেন এবং এই সুবিধা গ্রহণের জন্য সকলের আইডি কার্ড/চিকিৎসা বহি সংগে আনতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ মেডিকেল সেন্টারের ঔষধ দাবী করতে পারবেন না।

ঘ) শুধুমাত্র অত্র বিশ্ববিদ্যালয়ের অসুস্থ্য ছাত্র-ছাত্রীদেরকে কিছু জরুরী প্রয়োজনীয় ঔষধ প্রাপ্যতা সাপেক্ষে বিনামুল্যে প্রয়োজন অনুযায়ী সর্বোচ্চ ০৩ (তিন) দিনের জন্য মেডিকেল সেন্টার থেকে সরবরাহ করা হবে। চিকিৎসকগণ প্রয়োজনে ঔষধ সরবরাহের পরিমান হ্রাস-বৃদ্ধি করতে পারবেন। তবে একই ঔষধ ০৩ (তিন) দিনের মধ্যে দ্বিতীয়বার সরবরাহ করা হবে না। ছাত্র-ছাত্রীগণ স্বাক্ষরপূর্বক শুধুমাত্র নিজেদের ঔষধ গ্রহণ করতে পারবে। কোন বিশেষ কারণ ছাড়া একজন ছাত্র-ছাত্রীর ঔষধ অন্য ছাত্র-ছাত্রী গ্রহণ করতে পারবে না।

ঙ) মেডিকেল সেন্টার থেকে যে কোন ধরণের সাধারণ রোগের জন্য নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী চিকিৎসা সুবিধা ও ঔষধ পাওয়া যাবে। তবে জরুরী রোগীদের ক্ষেত্রে সার্বক্ষনিক চিকিৎসা সুবিধা পাওয়া যাবে।

**সময়সূচিঃ সকাল ৮-০০ মিঃ হতে বেলা ১-১৫ টা এবং বেলা ২-৩০ মিঃ হইতে রাত ৮-০০ টা পর্যন্ত।**

চ) অত্র প্রতিষ্ঠানের মেডিকেল সেন্টার থেকে চিকিৎসা সুবিধা পেতে হলে ছাত্র-ছাত্রীদের জন্য রিসিপশনে কর্তব্যরত ব্যক্তির নিকট রোগীর রেজিষ্টারে নাম লিপিবদ্ধপূর্বক বিনামূল্যে টিকিট/স্লিপ সংগ্রহ করে এবং শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের চিকিৎসা বহি এন্ট্রি করে কর্তব্যরত চিকিৎসকের নিকট হতে চিকিৎসা এবং ব্যবস্থাপত্র নিতে হবে।

ছ) অসুস্থ ছাত্র-ছাত্রীদের জন্য বিভাগীয় প্রধানের সুপারিশক্রমে Sick Bed -এ পরীক্ষা দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

জ) বিশ্ববিদ্যালয় বন্ধের দিনে চিকিৎসা সেবা পেতে হলে মেডিকেল সেন্টারে কর্তব্যরত কম্পাউন্ডার/নার্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজনে কর্তব্যরতরা দায়িত্বরত (Oncall) চিকিৎসককে কল দিবেন।

ঝ) অসুস্থ ছাত্র-ছাত্রী ও অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলের সাময়িক ভাবে বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে (জনবল প্রাপ্তি সাপেক্ষে) ভর্তি রেখে চিকিৎসা সেবা দেয়া যেতে পারে।

ঞ) ভর্তি রোগীর ক্ষেত্রে ঔষধ ও খাদ্য রোগীকে নিজ ব্যয় ও নিজ দায়িত্বে সরবরাহ করতে হবে।

ট) ভর্তি রোগীর ক্ষেত্রে ১(ক) নং ধারায় উল্লিখিত ব্যাক্তিগণের জন্য রোগীর বেড নিম্মোক্ত ভাবে প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবেঃ
ক) ছাত্র-ছাত্রী, সকল কর্মচারী ও ২য় শ্রেণীর কর্মকর্তাঃ সাধারণ বেড।
খ) সকল শিক্ষক ও ১ম শ্রেণীর কর্মকর্তাঃ সাধারণ কেবিন।
গ) ভাইস-চ্যান্সেলর, ইন্সটিটিউট পরিচালক, ডীন, বিভাগীয় প্রধান, পরিচালক, প্রভোষ্ট, অধ্যাপক, দপ্তর প্রধানগণঃ এসি কেবিন।

ঠ) সাধারণতঃ ভর্তিকৃত রোগীদের সাথে সাক্ষাৎকারের সময়কাল হবেঃ সকালঃ ১১.৩০ মিঃ থেকে ০১.৩০ মিঃ এবং
বিকালঃ ০৫.৩০ মিঃ থেকে ০৭.৩০ মিঃ

ড) **রাত্রি ১০.০০ টার পর পুরুষ ওয়ার্ডে কোন মহিলা এটেন্ডেন্ট বা মহিলা ওয়ার্ডে কোন পুরুষ এটেন্ডেন্ট অবস্থান করতে পারবে না।**

ঢ) বাহিরের রেজিষ্টার্ড কোন ডাক্তারের প্রেসক্রিপশনের কোন ইনজেকশন/স্যালাইন পুশ করার জন্য ১(ক)নং ধারায় উল্লিখিত কেহ আসলে কর্তব্যরত ডাক্তার প্রয়োজন মনে করলে কর্তব্যরত নার্সকে তা পুশ করার অনুমতি দিতে পারবেন।

ণ) ভর্তি রোগীর ক্ষেত্রে মালামাল যেমনঃ অতিরিক্ত বিছানা, বালিশ, কম্বল, প্লেট, জগ, গ্লাস রোগীকে নিজ দায়িত্বে সরবরাহ ও সংরক্ষণ করতে হবে।

ত) মেডিকেল সেন্টারের মালামাল যত্ন সহকারে ব্যবহার করতে হবে। কোন মালামালের ক্ষতি হলে সংশ্লিষ্ট রোগী ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

২। **প্যাথলজি টেস্ট সংক্রান্ত কার্যক্রমঃ**

ক) কোন অবস্থাতেই মেডিকেল সেন্টারের চিকিৎসকগণ কর্তৃক নির্ধারিত প্যাথলজীক্যাল পরীক্ষা বহির্ভূত কোন পরীক্ষা মেডিকেল সেন্টারের প্যাথলজী ল্যাবে করা যাবে না।

খ) অত্র প্রতিষ্ঠানের মেডিকেল সেন্টার হতে কোন প্যাথলজীক্যাল পরীক্ষা করাতে হলে কর্তব্যরত চিকিৎসকের পরামর্শক্রমে রিসিপশনে কর্তব্যরত ব্যক্তির নিকট নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে রশিদের তিনটি অংশ থাকবে। ১ম অংশ বইয়ের সাথে থাকবে যা রশিদ প্রদানকারী কর্মচারী নিজে সংরক্ষণ করবেন। দ্বিতীয় অংশ প্যাথলজীক্যাল কাজে নিয়োজিত ব্যক্তি সংরক্ষণ করবেন এবং তৃতীয় অংশ রোগী/যিনি পরীক্ষা করাবেন তিনি পাবেন। প্যাথলজীক্যাল কাজে নিয়োজিত ব্যক্তি টাকা জমার রশিদের অংশ গ্রহণ ও সংরক্ষণ করে Sample Collection করবেন। কোন অবস্থাতেই প্যাথলজী পরীক্ষার ফি বকেয়া রাখা যাবে না।

গ) মেডিকেল সেন্টারের প্যাথলজী সংক্রান্ত সমস্ত আয়-ব্যয় এর হিসাব দায়িত্বপ্রাপ্ত মেডিকেল অফিসার সংরক্ষণ করবেন এবং তিন মাস অন্তর অত্র প্রতিষ্ঠানের হিসাব শাখায় টাকা জমা দিয়ে রশিদ গ্রহণ ও সংরক্ষণ করবেন। এই কাজে মেডিকেল অফিসারগণের (প্রধান চিকিৎসা কর্মকর্তা ব্যতীত) মধ্য হতে একজন পালাক্রমে এক বৎসর মেয়াদের জন্য দায়িত্ব পালন করবেন। এক বৎসর মেয়াদ শেষে পূর্ণ বছর হিসাবের একটি বিবরণীসহ প্রধান চিকিৎসা কর্মকর্তার নিকট তা হস্তান্তর করবেন। প্রধান চিকিৎসা কর্মকর্তা বৎসর ওয়ারী হিসাব তাঁর অফিসে সংরক্ষণ করবেন।

ঘ) প্যাথলজী সংক্রান্ত সমস্ত খরচ (যন্ত্রপাতি, রিয়েজেন্ট ইত্যাদি) অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে। এক্ষেত্রে প্রধান চিকিৎসা কর্মকর্তা মেডিকেল সেন্টারের অন্যান্য জিনিসপত্র ক্রয়ের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান নিয়ম অনুসরণ করবেন।

ঙ) শুধুমাত্র ছাত্র-ছাত্রী এবং অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী (আউটসোর্সিং ও দৈনিক মুজুরীর ভিত্তিতে কর্মরতসহ) নিজে ও তাঁর পরিবার বর্গ যথাঃ (১) স্বামী/স্ত্রী, (২) নির্ভরশীল সন্তান, পিতা-মাতা ও নির্ভরশীল ভাই-বোন, (৩) অবসর প্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী নিজে ও তাঁর স্ত্রী মেডিকেল সেন্টার হতে প্যাথলজীক্যাল পরীক্ষা করানোর সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন।

চ) প্যাথলজী ল্যাবের অফিস সময়সূচী হবেঃ সকালঃ ০৮.০০ মিঃ থেকে ১১.০০ মিঃ এবং
বিকালঃ ০১.০০ মিঃ থেকে ০৫.০০ মিঃ

ছ) শুধুমাত্র ব্লাড গ্রুপ (Blood Group) পরীক্ষাটি '২(ঙ)'নং ধারায় উল্লেখিত ব্যক্তিগণ বিনামূল্যে একবার করাতে পারবেন। এ জন্য একটি রেজিষ্টার খাতা সংরক্ষণ করা হবে। রেজিষ্টার খাতা দেখে দ্বিতীয়বার পরীক্ষা করানোর বিষয়টি প্রমাণিত হলে নির্ধারিত ফি প্রদান করতে হবে।

জ) রক্ত সঞ্চালনের (Blood Transfusion) ক্ষেত্রে নির্ধারিত ফি (ব্যাগের মূল্য, বিভিন্ন টেষ্টের ফি) '২(খ)'নং ধারায় উল্লেখিত একই নিয়মে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে রক্ত গ্রহণকারী নিজে অথবা তাঁর প্রতিনিধি মেডিকেল সেন্টার হতে প্যাথলজীক্যাল কার্যক্রম চলাকালীন সময়ে (সাধারণভাবে কর্মদিবসে সকাল ৯ঃ০০ থেকে রাত ৮ঃ০০ ঘটিকা) কর্তব্যরত মেডিকেল অফিসারের নিকট হতে অনুমতি নিয়ে রক্ত সংগ্রহণ করবেন। রক্ত সঞ্চালনের জন্য একটি আলাদা রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। ইমার্জেন্সী ছাড়া ছুটির দিনে রক্ত সঞ্চালন কার্যক্রম বন্ধ থাকবে।

ঝ) অত্র প্রতিষ্ঠানের বাইরের কোন চিকিৎসক কোন প্যাথলজীক্যাল পরীক্ষা করানোর সুপারিশ করলে তা পরীক্ষা করানোর জন্য অত্র প্রতিষ্ঠানের কর্মরত যে কোন চিকিৎসকের পূনঃ সুপারিশ অবশ্যই প্রয়োজন হবে।

ঞ) প্যাথলজী পরীক্ষার বিভিন্ন ফিস বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারণ করবে যা সময় সময় পরিবর্তন করতে পারবে।

৩। এ্যাম্বুলেন্স ব্যবহারঃ

ক) এ্যাম্বুলেন্স মেডিকেল সেন্টারের তত্ত্বাবধানে থাকবে। স্বাস্থ্যগত জরুরী প্রয়োজনে কর্তব্যরত চিকিৎসকের সুপারিশ সাপেক্ষে শুধুমাত্র এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে। এ ছাড়া আর কোন কারনে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে না।

খ) নিম্নলিখিত ব্যক্তিবর্গ অসুস্থ অবস্থায় কর্তব্যরত চিকিৎসকের সুপারিশ সাপেক্ষে হাসপাতাল/ক্লিনিকে আনা নেয়ার প্রয়োজনে এ্যাম্বুলেন্স ব্যবহার করতে পারবেন।
১) বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ছাত্র/ছাত্রী।
২) অত্র বিশ্ববিদ্যালয়ের কর্তব্যরত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী নিজে ও তার স্ত্রী/স্বামী নির্ভরশীল পুত্র কন্যা ও পিতা মাতা।
৩) অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী নিজে ও তার স্ত্রী/স্বামী।

গ) কর্তব্যরত অবস্থায় বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী দুর্ঘটনায় পতিত অথবা গুরুতর অসুস্থ হলে কর্তব্যরত চিকিৎসক ও বিভাগীয়/শাখা প্রধানের সুপারিশক্রমে প্রাতিষ্ঠানিকভাবে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে।

ঘ) জরুরী অসুস্থ ছাত্র-ছাত্রী দেখার জন্য চিকিৎসকগণ প্রাতিষ্ঠানিকভাবে এ্যাম্বুলেন্স ব্যবহার করতে পারবেন।

ঙ) সাধারণ রোগীর ক্ষেত্রে বিশেষজ্ঞের চেম্বারে গমণ এবং কোন প্যাথলজীক্যাল পরীক্ষা নিরীক্ষার জন্য ল্যাবরেটরীতে/ক্লিনিকে যাওয়া আসার জন্য এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে না।

চ) হাসপাতালে বা ক্লিনিকে রোগী পৌছানোর পরপরই এ্যাম্বুলেন্স ছেড়ে দিতে হবে এবং কোন অবস্থাতেই এ্যাম্বুলেন্স আটকে রাখা যাবে না।

ছ) সাধারণভাবে কোন অবস্থাতেই এ্যাম্বুলেন্সে মৃতদেহ বহন করা যাবে না।

জ) এ্যাম্বুলেন্স এর ভিতরে থাকা সকল মেডিকেল সরঞ্জামাদি মেডিকেল সেন্টার কর্তৃক রক্ষনাবেক্ষন ও পরিচালিত হবে।

ঝ) অত্র বিশ্ববিদ্যালয় হতে খুলনা শহর ও সন্নিহিত অঞ্চল (ফুলতলা/রূপসা সেতু/খুলনা বিশ্ববিদ্যালয়/বাইপাস সড়ক এবং বিশেষ বিবেচনায় নওয়াপাড়া রেলষ্টেশন) পর্যন্ত রোগী আনা নেওয়ার জন্য উল্লেখিত নিয়ম পালন করে প্রাতিষ্ঠানিক/ব্যক্তিগতভাবে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে।

ঞ) ক্রমিক নং ৩(খ)(২) ও ৩(খ)(৩)-এ বর্ণিত ব্যক্তিগণ ব্যক্তিগতভাবে এ্যাম্বুলেন্স ব্যবহারের জন্য বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করবেন।

ট) পরিচালক (ছাত্র কল্যাণ)/প্রভোষ্ট এর মাধ্যমে আবেদন করে এবং কর্তব্যরত চিকিৎসকের সুপারিশক্রমে ছাত্র/ছাত্রীগণ জরুরী চিকিৎসার জন্য প্রাতিষ্ঠানিকভাবে এ্যাম্বুলেন্স ব্যবহার করতে পারবে।

ঠ) ক্রমিক নং ঝ এর উল্লেখিত এলাকার বাইরে এ্যাম্বুলেন্স ব্যবহার করতে হলে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

ড) সাধারণভাবে এ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে কোন প্রকার অগ্রিম বুকিং দেওয়া যাবে না।

ঢ) অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত কেহ কর্মস্থলে অসুস্থ হলে ক্যাম্পাস থেকে বাড়ীতে (ঝ-এর বর্ণিত সীমানার বাইরে অবস্থিত হলে) যাওয়ার জন্য এ্যাম্বুলেন্স প্রদান করা হবে না।

ণ) ভাইস-চ্যান্সেলর মহোদয় তাঁর বিবেচনায় বিশেষ ক্ষেত্রে এ্যাম্বুলেন্স ব্যবহারে অনুমতি শিথিল করতে পারবেন।

মেডিকেল সেন্টার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩, বাংলাদেশ

## প্যাথলজিক্যাল টেস্ট ফি

(২৮/৩/১৫ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৯তম সভায় অনুমোদিত এবং ২৭/৬/১৫ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫০তম সভায় নিশ্চিতকৃত)

প্যাথলজিক্যাল টেষ্টসমূহের জন্য নির্ধারিত ফি ঃ

| ক্রঃ নং | টেষ্টের নাম | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| 1. | Blood for HB% | 30.00 |
| 2. | Blood for TC | 30.00 |
| 3. | Blood for DC | 30.00 |
| 4. | Blood for ESR | 30.00 |
| 5. | Blood for Grouping | 40.00 |
| 6. | Fasting Blood Sugar | 50.00 |
| 7. | Blood Sugar (PPBS) | 50.00 |
| 8. | Random Blood Sugar | 50.00 |
| 9. | Blood Sugar (GTT) | 140.00 |
| 10. | Urine for R/M/E | 50.00 |
| 11 | Urine for Sugar | 30.00 |
| 12. | Urine for Albumin | 30.00 |
| 13. | Blood for S. Bilirubin | 70.00 |
| 14. | Widal Test | 200.00 |

**Analyzer Microoven** (নূতন যন্ত্র) ও কিছু স্ট্রিপ ক্রয় করা সাপেক্ষে অতিরিক্ত প্যাথলজিক্যাল টেষ্টসমূহের জন্য নির্ধারিত ফিঃ

| ক্রঃ নং | টেষ্টের নাম | প্রস্তাবিত ফি |
|---|---|---|
| 1. | Blood for RBC | 40.00 |
| 2. | Blood for Platelete Count | 30.00 |
| 3. | Malarial Parasite (MP) | 50.00 |
| 4. | Blood for Cross Matching | 80.00 |
| 5. | Serum Creatinine | 80.00 |
| 6. | Lipid Profile | 400.00 |
| 7. | Blood for HBs Ag | 200.00 |
| 8. | Serum Cholesterol | 100.00 |
| 9. | S.G.PT | 120.00 |
| 10. | S.G.O.T | 120.00 |
| 11 | ASO Titre | 130.00 |
| 12. | V.D.R.L Test | 80.00 |
| 13. | Anti- HCV | 400.00 |
| 14. | Blood Urea | 120.00 |
| 15. | ALP | 130.00 |
| 16. | CRP | 160.00 |
| 17. | RA | 75.00 |
| 18. | Blood Urea Nitrogen (BUN) | 125.00 |
| 19. | Serum Uric Acid | 110.00 |
| 20. | Serum Total Protein | 60.00 |
| 21. | Serum Albumin | 60.00 |
| 22. | A/C Ratio | 120.00 |
| 23. | Serum Amylase | 350.00 |
| 24. | Febrile antigen | 400.00 |
| 25. | HIV | 250.00 |
| 26. | ICT for Dengue | 300.00 |
| 27. | TPHA | 200.00 |
| 28. | HbA1C | 300.00 |

**ECG** মেশিন পাওয়া সাপেক্ষে **ECG** পরীক্ষার ফিস ১০০/- টাকা